# ২০১৩
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - ভাষাতত্ত্ব

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

### ক - বর্গ

যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও।

১। ভাষার সংজ্ঞা নির্ণয় করে ভাষা উদ্ভবের তত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ৩+১২=১৫

২। ভাষাবিজ্ঞানের দৃষ্টিতে ব্যাকরণের বিষয়গত আলোচনার ক্ষেত্রগুলি চিহ্নিত করো। $৭\frac{১}{২}+৭\frac{১}{২}=১৫$

৩। ভাষাঋণ বলতে কী বোঝ? ভাষাঋণের বৈশিষ্ট্যসহ শ্রেণীবিভাগ করে বিভিন্ন পর্যায়ের পরিচয় দাও। ৩+৩+৯=১৫

৪। ভাষাতত্ত্বের বিচারে ভাষার বাহ্যিক পুনর্গঠনের স্বরূপ আলোচনা করে এই পদ্ধতির উপযোগিতা ও সীমাবদ্ধতা লিপিবদ্ধ করো। ৫+৫+৫=১৫

৫। প্রাচীন ভারতীয় আর্য ভাষার কথ্যরূপগুলি কি কি ছিল? তাদের অবস্থান চিহ্নিত করে প্রাচীন ভারতীয় আর্যের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৩+১০=১৫

[ পরপৃষ্ঠায়]

৬। প্রাচীন বাংলা ভাষার নিদর্শন ও সময়কাল উল্লেখ করে শুধুমাত্র রূপতাত্ত্বিক ও ছন্দোগত বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ৩+১২=১৫

## খ - বর্গ

যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও।

৭। 'বাংলা ভাষায় যতগুলি ধ্বনি আছে, ততগুলি স্বনিম নেই।' — স্বনিমের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করে উক্তিটির সারবত্তা সপ্রমাণ করো। ১০+৫=১৫

৮। শ্রেণীবিভাগসহ লিঙ্গের সংজ্ঞা দাও। পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে রূপান্তরের পদ্ধতিগুলি আলোচনা করো। এক লিঙ্গের রূপে অন্য লিঙ্গের প্রকাশ কিভাবে হয়, বুঝিয়ে দাও। ৩+৮+৪=১৫

৯। ক্রিয়ার ভাব বলতে কী বোঝ? এর শ্রেণীবিভাগ করে প্রত্যেকটি ভাগকে উদাহরণসহ বিশ্লেষণ করো। ৩+১২=১৫

১০। সংযুক্ত ব্যঞ্জনের একটি সংজ্ঞা দাও। যুক্তাক্ষরের সঙ্গে সংযুক্ত ব্যঞ্জনের পার্থক্য নিরূপণ করে বাংলা ভাষার ৩৮টি সংযুক্ত ব্যঞ্জন নির্ণয় করো। এই প্রসঙ্গে সংযুক্ত ব্যঞ্জন ও ব্যঞ্জন সমাবেশের মধ্যে তুলনা করো। ২+৩+৮+২=১৫

১১। অক্ষর বলতে কী বোঝ? বর্ণের সঙ্গে অক্ষরের পার্থক্য নিরূপণ করো। অক্ষরের শ্রেণীবিভাগ করে বাংলা অক্ষরের স্বাতন্ত্র্য বুঝিয়ে দাও। ২+৩+৩+৭=১৫

১২। দৈর্ঘ্য-এর সংজ্ঞা দাও। ধ্বনির দীর্ঘতার ক্ষেত্রে আবদুল হাই যেসব পরিমাপক গুণ লক্ষ্য করেছেন তা নির্দেশ করো। এই প্রসঙ্গে প্রমাণ করো যে দৈর্ঘ্য স্বনিমীয় তাৎপর্য বহন করে না। ২+৬+৭=১৫

---

# ২০১৪

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - ভাষাতত্ত্ব

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

### ক - বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। ১৫×৩=৪৫

১। সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কিনা বিচার করো। এই প্রসঙ্গে সুকুমার সেনের দেওয়া রেখচিত্র অনুসারে বাংলা ভাষার উদ্ভব তত্ত্ব বিশ্লেষণ করো। ৫+১০=১৫

২। রেখচিত্রসহ ঐতিহাসিক ও প্রাগ্‌-ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের মধ্যে তুলনা করে বিবরণ দাও। ৭½+৭½=১৫

৩। ভাষা সংযোগের সংজ্ঞা দাও। উদাহরণসহ আলোচনা করো। ৩+১২=১৫

৪। নির্দেশমূলক ব্যাকরণ, বাঙমীমাংসা ও ভাষাবিজ্ঞানের মধ্যে পারস্পরিক তুলনাসহ একটি বিবরণ দাও। ৫+৫+৫=১৫

৫। নব্যভারতীয় আর্যভাষার কালসীমা ও প্রধান বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৩+১২=১৫

*[Turn over]*

৬। মানুষ কথা বললে ভাষা হয়, কিন্তু পশুপাখির আর্তনাদ, ট্রেনের হুইসেল ভাষা নয়— উপযুক্ত কারণসহ বিষয়টি বুঝিয়ে দাও।

৭ $\frac{১}{২}$+৭ $\frac{১}{২}$=১৫

## খ - বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। ১৫×৩=৪৫

৭। সংজ্ঞাসহ পুরুষের বিবরণ দাও। পুরুষভেদে কীভাবে ক্রিয়াপদের রূপান্তর হয় তা উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০+৫=১৫

৮। রূপিমের সংজ্ঞায় ব্লুমফিল্ড কী বলেছেন? রূপিমের বৈশিষ্ট্যাবলী আলোচনা করে উদাহরণসহ রূপিমের শ্রেণীবিভাগ করো।

৩+৬+৬=১৫

৯। স্বনিম নির্ণয়ের শর্তগুলি আলোচনা করে বাংলা ভাষায় ব্যঞ্জন স্বনিমগুলি নির্ণয় করো। ৫+১০=১৫

১০। যৌগিক স্বর বলতে কী বোঝ? স্বরধ্বনির সংখ্যা অনুসারে যৌগিক স্বরের নামকরণ করো। এই প্রসঙ্গে সুনীতিকুমারের ভাবনা অনুসারে বাংলা দ্বি-স্বরের গঠনক্ষমতা বিচার করো। ৩+৩+৯=১৫

১১। সুনীতিকুমার বচনের সংজ্ঞায় কী বলেছেন? বচনের শ্রেণীবিভাগ করে একবচন ও বহুবচন গঠনের নিয়মগুলি লেখো।

৩+৬+৬=১৫

১২। যতি বলতে কী বোঝ? বিভিন্ন যতি চিহ্নের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে উদাহরণসহ যতির শ্রেণীবিভাগ করে বুঝিয়ে দাও।

৩+৩+৯=১৫

---

(D)/Lt MA/Pt-II/BNG/P-VII(Spl.-Lt)/DODL/15

# ২০১৫

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - ভাষাতত্ত্ব

মান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

### ক - বর্গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

মধ্য-বাংলা ভাষার দুটি পর্ব হল আদি-মধ্য ও অন্ত্য-মধ্য। এই দুই পর্বের রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির মধ্যে একটি তুলনামূলক আলোচনা লিপিবদ্ধ করো। ১৫

মধ্য-ভারতীয় আর্যভাষার সময়সীমা ও নিদর্শনসমূহের পরিচয় দাও। এই আর্যভাষায় তিনটি স্তর বিভাজনের যৌক্তিকতা বিচার করো। ৫+১০=১৫

ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ বলতে কী বোঝ? এই ভাষাবংশের 'সতম্' ও 'কেন্তম্' গুচ্ছের ভাষাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+১২=১৫

ভাষাবিজ্ঞানের প্রকারভেদের নিরিখে ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও শব্দার্থতত্ত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

ভাষাঋণ বলতে কী বোঝ? মুখ্য ও গৌণ ভাবে ভাষা/ঋণের শ্রেণীবিভাগ করে বুঝিয়ে দাও। ১৫

৬। বাহ্য পুনর্গঠন বলতে কী বোঝ? এই পদ্ধতির মাধ্যমে কীভাবে ভাষার অতীত রূপ গড়ে তোলা যায় তা রেখচিত্রের মাধ্যমে দেখাও

২+১৩=১৫

## খ - বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

৭। লিঙ্গের সংজ্ঞা দাও। পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তরের বিষয়টি উদাহরণের সাহায্যে লেখো।

৩+১২=১৫

৮। অক্ষর কাকে বলে? বর্ণ ও অক্ষরের মধ্যে পার্থক্য নির্দেশ করে বাংলা অক্ষর গঠনের নিয়ম ও তার স্বাতন্ত্র্য লিপিবদ্ধ করো।

৩+৩+৯=১৫

৯। দৈর্ঘ্য বলতে কী বোঝ? বাংলা ভাষায় দৈর্ঘ্য কী ধ্বনিমীয় তাৎপর্য বহন করে? — বুঝিয়ে দাও। ৩+১২=১৫

১০। রূপমূলের সংজ্ঞায় নিদা কী বলেছেন? রূপমূলের বৈশিষ্ট্যাবলি আলোচনা করে রূপমূল সনাক্তকরণে নিদার সূত্রাবলী উপস্থাপন করো। ৩+৫+৭=১৫

১১। বাক্য বলতে কী বোঝ? শুদ্ধ বাক্যের ত্রি সূত্র সম্পর্কে আলোচনা করো। ৩+১২=১৫

১২। সংযুক্ত ব্যঞ্জন বলতে কী বোঝ? যুক্তাক্ষরের সঙ্গে সংযুক্ত ব্যঞ্জনের তফাৎ উল্লেখ করে বাংলা ভাষায় সংযুক্ত ব্যঞ্জনগুলি নির্ণয় করো।

৩+৩+৯=১৫

---

# ২০১৬
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - ভাষাতত্ত্ব

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

### ক—বর্গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। পৃথিবীর প্রধান প্রধান ভাষাবংশসমূহের সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো। ১৫

২। কালপর্ব ও উদাহরণসহ ভারতীয় আর্যভাষার যুগবিভাগ করে প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ বিবৃত করো। ১৫

৩। বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি রেখচিত্রসহ চিহ্নিত করো। ১৫

৪। ভাষাবিজ্ঞান চর্চার দুইটি প্রধান ধারা কী কী? দুইটি ধারার সংজ্ঞা দাও ও উভয়ের মধ্যে একটি তুলনামূলক আলোচনা লিপিবদ্ধ করো। ৮+৭

৫। গ্রীমের সূত্র কী? সূত্রটির বিস্তারিত ব্যাখ্যা দাও। এই সূত্রে কী ধরনের ব্যতিক্রম দেখা যায়? ৪+৭+৪

৬। ভাষার ব্যাকরণ, বাঙ্ মীমাংসা, ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞানের সংজ্ঞা দিয়ে উক্ত বিষয়গুলির মধ্যে পার্থক্য নিরূপণ করো।

৩+৩+৩+৩+৩

## খ—বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

৭। স্বনিম বলতে কী বোঝ? আদর্শ বাংলা চলিত ভাষায় যে যে স্বরস্বনিম ও ব্যঞ্জন স্বনিম পাওয়া যায় তার পরিচয় লিপিবদ্ধ করো।

৫+১০

৮। শ্বাসাঘাত কাকে বলে? বাংলাভাষায় শ্বাসাঘাতবিধির ভূমিকা সম্পর্কে আলোকপাত করো। ১৫

৯। বাংলা শব্দে ধ্বনির অবস্থানের বৈচিত্র্য বিষয়ে বিস্তৃত আলোচনা করো। ১৫

১০। বাংলা যৌগিক স্বরের সংজ্ঞা দিয়ে যৌগিক স্বরের বৈশিষ্ট্য তুলে ধরো। প্রসঙ্গত যৌগিক স্বর কয় প্রকার হয় তার পরিচয় দাও।

১০+৫

১১। বাংলা কারকের বৈশিষ্ট্য ও গঠন সম্পর্কে আলোচনা করো।

৮+৭

১২। প্রথানুসারী অন্বয়তত্ত্ব অনুসারে বাংলা বাক্যের গঠন বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১৫

# ২০১৭

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - ভাষাতত্ত্ব

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

### ক—বর্গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। ভাষা উদ্ভবের ক্ষেত্রে যে তত্ত্বগুলি গড়ে উঠেছে তার বিস্তৃত পরিচয় তুলে ধরো। ১৫

২। ঐতিহাসিক ভাষাবিজ্ঞান চর্চার ধারায় বাহ্যিক পুনর্গঠন পদ্ধতির ভূমিকাটি উদাহরণসহ আলোচনা করো। ১৫

৩। ভাষাঋণ বলতে কি বোঝ? প্রক্রিয়াগত ও উপাদানগত বিচারে ভাষাঋণের প্রকারভেদ আলোচনা করো। ১৫

৪। ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ বলতে কি বোঝ? এই ভাষাবংশের শ্রেণীবিভাগ করে উদাহরণসহ প্রত্যেক শ্রেণীর পরিচয় দাও। ১৫

৫। মধ্যভারতীয় আর্যভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়? প্রত্যেকটি স্তরের নাম ও কালপর্ব উল্লেখ করে মধ্য ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি লেখো। ১৫

[Turn over]

৬। প্রাচীন যুগের বাংলা ভাষার কালসীমা ও নিদর্শন উল্লেখ করে এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৫

## খ—বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

৭। স্বনিমের শ্রেণীবিভাগ করো এবং প্রত্যেকটি শ্রেণীর বিস্তৃত পরিচয় তুলে ধরো। ১৫

৮। অক্ষর কাকে বলে? বর্ণ ও অক্ষরের মধ্যে পার্থক্য নির্দেশ করে বাংলা অক্ষর গঠনের নিয়ম ও তার স্বাতন্ত্র্য লিপিবদ্ধ করো। ১৫

৯। বাক্য বলতে কী বোঝ? শুদ্ধ বাক্যের ত্রি-সূত্র সম্পর্কে আলোচনা করো। ১৫

১০। নিদাকে অনুসরণ করে রূপমূলের সংজ্ঞা দাও। রূপমূলের বৈশিষ্ট্যাবলী আলোচনা করে রূপমূল সনাক্তকরণে নিদার সূত্রাবলী উপস্থাপন করো। ১৫

১১। সংযুক্ত ব্যঞ্জন বলতে কী বোঝ? যুক্তাক্ষরের সঙ্গে সংযুক্ত ব্যঞ্জনের তফাৎ উল্লেখ করে বাংলা ভাষার সংযুক্ত ব্যঞ্জন চিহ্নিত করো। ১৫

১২। দৈর্ঘ্য বলতে কী বোঝ? বাংলা ভাষায় দৈর্ঘ্য যে স্বনিমীয় তাৎপর্য্য বহন করছে তার পরিচয় দাও। ১৫

---